

## ৫. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের বাস্তবায়নধীন প্রকল্পসমূহঃ

### ৫.১ জাপান হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট স্কলারশীপ প্রজেক্ট (জেডিএস) (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প

“জাপান হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট স্কলারশীপ প্রজেক্ট (জেডিএস) (২য় সংশোধিত)” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। জেডিএস স্কলারশীপ প্রোগ্রামের জন্য প্রতি বৎসর বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। এ প্রকল্পের মেয়াদকাল জুলাই ২০০১ থেকে জুন ২০২০ পর্যন্ত। প্রকল্পের মোট ব্যয় ৩০১১৯.৬৪ লক্ষ টাকা (জিওবি ৩৫১.৮৪ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২৯৭৬৭.৮০ লক্ষ টাকা)। জাপান সরকার কর্তৃক এ যাবৎ ৪,৩৩৬ মিলিয়ন জাপানিজ ইয়েন অনুদান প্রদান করা হয়েছে। বাংলাদেশ সরকার কর্তৃক নিয়োজিত এজেন্ট Japan International Cooperation Center (JICE) এর মাধ্যমে প্রকল্প সাহায্যের অর্থ সরাসরি জেডিএস ফেলোদের অনুকূলে জাপানে ব্যয় করা হয় এবং প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য আনুসাংগিক ব্যয় জিওবি খাত থেকে নির্বাহ করা হয়।

#### ৫.১.১ প্রকল্পের উদ্দেশ্য

মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা ও বাংলাদেশ ব্যাংকের তরুণ কর্মকর্তাদের জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ২ বৎসর মেয়াদী মাস্টার্স কোর্সে অধ্যয়নের সুযোগ প্রদান এবং তাঁদের অর্জিত জ্ঞানের সঠিক প্রয়োগের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি করা এ প্রকল্পের উদ্দেশ্য।

#### ৫.১.২ কর্মকর্তা (জেডিএস ফেলো) বাছাই প্রক্রিয়া

বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা ও বাংলাদেশ ব্যাংকের ১ম শ্রেণীর কর্মকর্তাদের মধ্য থেকে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে বাংলাদেশ সরকার ও জাপান সরকারের প্রতিনিধি কর্তৃক প্রার্থী বাছাই করা হয়।

#### ৫.১.৩ অগ্রগতি

২০১৫-১৬ অর্থ বৎসর পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি ৬৫%। এ প্রকল্পের আওতায় ইতোমধ্যে ২২৬ জন কর্মকর্তা বিভিন্ন বিষয়ে জাপানের বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স ডিগ্রী কোর্স সম্পন্ন করে দেশে ফিরে এসেছেন। ১৩ ও ১৪তম ব্যাচের মোট ৩৯ জন কর্মকর্তা জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বর্তমানে অধ্যয়নরত আছেন। ১৫ তম ব্যাচের কর্মকর্তা নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে।